৯৭

দৈনিক সংবাদ

088

তারিখ 16 DEC 1988
পৃষ্ঠা ৪ কলাম ৬

৬

## কম্পার্টমেন্টাল পরীক্ষা প্রসঙ্গে

গত ২৬শে অগ্রহায়ণের 'সংবাদ-'এ প্রকাশিত শ্রী সুজিত কুমার দের চিঠির সঙ্গে আমরাও একমত পোষণ করি। সরকার এসএসসি ও এইচ, এসসি পরীক্ষায় কম্পার্টমেন্টাল পদ্ধতি চালু করে বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রীর কৃতজ্ঞতাভাজন হয়েছেন। এ নিয়মের ফলে পরীক্ষা-ভীতি এবং নকলপ্রবণতা দু-ই হ্রাস পাবে এতে কোন সন্দেহ নেই।

তবে দেখা যাচ্ছে কম্পার্টমেন্টাল পদ্ধতির আওতায় এস এস সি পরীক্ষার্থীদের তুলনায় এইচ এস সি পরীক্ষার্থীরা বেশী ভাগ্যবান। কারণ এস এস সি পরীক্ষার্থীদের কম্পার্টমেন্টাল-এর সুযোগ পাওয়ার জন্য মোট ৫০০ নম্বর পেতে হবে। (কিন্তু নিয়মের এই কড়াকড়ি এইচ এস সি পরীক্ষার ক্ষেত্রে নেই) ফলে এক বিষয়ে অকৃতকার্য কম মেধাসম্পন্ন বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রী, যাদের মোট নম্বর ৫০০ নম্বরের নীচে তারা কম্পার্টমেন্টাল-এর সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। অনেক অভিভাবকও হতাশাগ্রস্ত হয়ে ছেলে-মেয়ের লেখাপড়া বন্ধ করে দিচ্ছেন।

এমতাবস্থায় আমাদের আবেদনানুযায়ী কম্পার্টমেন্টাল পদ্ধতির আওতায় এইচ, এস সি পরীক্ষার্থীদের যে সুযোগ-সুবিধা দেওয়া হয়েছে তা এস এস সি পরীক্ষার্থীদের ক্ষেত্রেও চালু করা হলে প্রচুর সুফল লাভ করা যাবে। এতে এক দিকে যেমন নকল প্রবণতা হ্রাস পাবে তেমনি অপর দিকে পাসের হারও বৃদ্ধি পাবে। এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ের সদয় বিবেচনা আশা করছি।

গুলশান আরা বেগম,
পি-২৮, নুরজাহান রোড,
মোহাম্মদপুর, ঢাকা।